# ভূঞাপুর উপজেলা পরিষদের মার্চ/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ নার্গিস বেগম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূঞাপুর, টাঙ্গাইল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ঃ ২২-০৩-২০২২ খ্রি.

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ পরিশিষ্ট " ক "।

সভাপতি সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে আইন-কানুন/ দিকনির্দেশনা বিবেচনা করে সভায় বক্তব্য রাখার অনুরোধ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন। সভা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সভার শুরুতে বিগত ২৮-০২-২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী থাকলে তা সভায় পেশ করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়। | অনুমোদিত | সংশ্লিষ্ট সকল |
| ০২। | ০২নং আলোচ্যসূচি ঃ উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচনা- | | |
| ২(ক) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর সভায় জানান, ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার আশাবাদ ব্যক্ত করেন এবং পিআইসি প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ জানান। তিনি সভায় উপজেলা আবাসিক কোয়াটার ও ডরমেটরি ভবনে বসবাসকারীদের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন এবং উপজেলা কোয়াটারের জন্য একটি নির্দিষ্ট ভাড়া নির্ধারণ করার প্রস্তাব করেন। সভায় উপজেলা কৃষি অফিসার ও সাধারণ সম্পাদক, উপজেলা জামে মসজিদ কমিটি, ভূঞাপুর জানান, উপজেলা জামে মসজিদের পেশ ইমাম জনাব মোঃ মিজানুর রহমান উপজেলা কোয়াটারের ৪/২নং বাসা বরাদ্দ নিয়ে বসবাস করছেন। বর্তমান দ্রব্যমূল্যের বাজারে সামান্য বেতনে বাসাভাড়া দিয়ে সংসার চালানো খুবই কষ্টকর। তাই তিনি মানবিক কারণে উপজেলা জামে মসজিদের ইমাম সাহেবকে উপজেলা কোয়াটারে বিনা ভাড়ায় বসবাস করার অনুমতি প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে একান্ত মানবিক কারণে উপজেলা জামে মসজিদের পেশ ইমাম জনাব মোঃ মিজানুর রহমানকে বিনা ভাড়ায় উপজেলা কোয়াটারে বসবাস করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমতি প্রদান করা হলো এবং তা এপ্রিল/২২ হতে কার্যকর হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২(খ) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর সভায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে (১) বাগবাড়ী পাকা সড়কের রাউৎবাড়ী মিল হতে বীর মুক্তিযোদ্ধা জলিল সাহেবের বাড়ী পর্যন্ত সড়ক সিসি দ্বারা উন্নয়ন প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য ৩,৫০,০০০/- টাকা প্রাক্কলন এবং (২) ভূঞাপুর উপজেলার প্রশিক্ষণপ্রাপ্ত দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- টাকার প্রাক্কলন তৈরি করে অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে (৩) উপজেলা পরিষদ অডিটরিয়াম সংস্কার ও রংকরণসহ নতুন লাইটিং সিস্টেম স্থাপন প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রাক্কলন তৈরি করে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে প্রস্তাবিত ১নং ও ২নং প্রকল্প ২টি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে এবং ৩নং প্রকল্পটি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরীভিত্তিতে বাস্তবায়নের নিমিত্ত উপস্থাপিত প্রাক্কলনসমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ০৩। | ০৩ নং আলোচ্যসূচি ঃ বিভাগীয় কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | | |
| ৩(ক) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, হাসপাতালে করোনার টিকাদান কার্যক্রম চলমান আছে। তিনি সভায় যাদের ২য় ডোজ গ্রহণের মেয়াদ ০৬ মাস অতিক্রান্ত হয়েছে তাদেরকে করোনার ৩য় ডোজ গ্রহণের অনুরোধ জানান এবং পাশাপাশি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন। তিনি সভায় আরও জানান, হাসপাতালে আরও ১০ জন নতুন ডাক্তার যোগদান করায় হাসপাতালে ডাক্তারের কোন সংকট নেই। ফলে হাসপাতালে আগত রোগীদের আরও বেশি চিকিৎসা সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। এছাড়া হাসপাতালের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে হাসপাতালে আগত রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করাসহ করোনার টিকাদান কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(খ) | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর সভায় জানান, পুরোদমে বোরা ধান বাড়-বাড়তি পর্যায়ে আছে। সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। ২০২১-২২ অর্থবছরে খরিপ-১/২০২২-২৩ মৌসুমে উফশী আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ১ বিঘা জমি চাষের জন্য ২২০০ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের প্রত্যেককে ২০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি এবং ৫ কেজি উফশী আউশ ধানের বীজ বিতরণ করা হবে। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। চলমান বোরো মৌসুমে ব্লাস্ট রোগ নিয়ন্ত্রণে ছত্রাকনাশক নাটিভো, ফিলিয়া, ট্রুপার, এমিস্টার টপ জাতীয় ছত্রাকনাশক থোর ও ফুল আসার পর্যায়ে নির্ধারিত হারে দুইবার স্প্রে করার ব্যাপারে পরামর্শ কার্যক্রম চলমান আছে। তিনি সভায় আরও জানান, ভূট্টা ও গম মাড়াই এর কার্যক্রমও চলমান আছে। বাম্পার ফলন হয়েছে এবং কৃষকরা ভাল দাম পাচ্ছে। মাঠের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ব্লক পর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের অন্যান্য কার্যক্রমের পাশাপাশি বোরো ধানে লাইন, লোগো ও পার্চিং অনুসরণ করার জন্য অবিরত মাঠে পরামর্শ দিয়ে চলছেন। পরিশেষে তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর |
| ৩(গ) | উপজেলা মৎস্য কর্মকর্তা (চঃ দাঃ), ভূঞাপুর সভায় জানান, মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি জানান ভূঞাপুর যমুনা নদীতে অভয়াশ্রম কার্যক্রম অব্যাহত আছে। জাটকা অভিযান চলমান আছে। তিনি আরও জানান, মৎস্য দপ্তর কর্তৃক আধুনিক কীটবক্স দ্বারা চাষীদের পুকুরের পানি পরীক্ষা করে ব্যবস্থা পত্র দেয়া হয়। এ বিষয়ে তার দপ্তরের সাথে যোগাযোগ করে পরামর্শ নেয়ার জন্য মৎস্য চাষীদের অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ঘ) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঙ) | উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, প্রায় দুই বছর শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর গত ০২ মার্চ ২০২২ থেকে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম শুরু হওয়ায় ছাত্র-ছাত্রীরা অনেক খুশি এবং তারা আনন্দের সাথে পাঠদান গ্রহণ করছে। আগামী ২০ রমজান পর্যন্ত পাঠদান কার্যক্রম চলমান থাকবে। তিনি সভায় আরও জানান, সরকার ৫-১২ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের টিকা প্রদানের চিন্তাভাবনা করছে। এ ব্যাপারে পরবর্তী কোন নির্দেশনা পাওয়া গেলে সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। এছাড়া তিনি বলেন তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর |
| ৩(চ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) গত ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২ যথাযোগ্য মর্যাদায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে উদ্‌যাপিত হয়েছে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ছবি, পোস্টার, চিত্রাঙ্কন, বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। (২) শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ১০ বছর বা তদুর্ধ্ব বয়সের ছাত্রীদের কৈশোরকালীন পুষ্টি কার্যক্রমের অংশ হিসেবে সপ্তাহে ০১টি করে আয়রন এন্ড ফলিক এসিড ট্যাবলেট খাওয়ানোর জন্য উপজেলাধীন সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় ফলিক এসিড ট্যাবলেট বিতরণ করা হচ্ছে। (৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২১ সালের প্রাতিষ্ঠানিক স্ব-মূল্যায়ন (ISAS) প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃক ISAS ফরম EMIS এর পিবিএম মডিউল Online এন্ট্রি সম্পন্নকরণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া তিনি বলেন তার মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর |
| ৩(ছ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর জানান, ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (কাবিখা-কাবিটা-টিআর) কর্মসূচির আওতায় সাধারণ ১ম পর্যায়ে যথাক্রমে কাবিখা (চাল) খাতে ৬৬.০০১ মেঃ টন এর বিপরীতে ০৯টি প্রকল্প, কাবিখা (গম) খাতে ৬৬.০০১ মেঃ টন এর বিপরীতে ০৮টি প্রকল্প ও কাবিটা (অর্থ) খাতে ৩১,১৯,১৪০.৬১ টাকার বিপরীতে ১০টি প্রকল্প গ্রহণ করে জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় কর্তৃক অনুমোদন পাওয়া যায় এবং সে অনুযায়ী দ্রুত প্রকল্পের কাজ সমাপ্তকরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান, বীর মুক্তিযোদ্ধাদের জন্য বীর নিবাস প্রকল্পের আওতায় অত্র উপজেলার ১১টি নিবাসের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে অর্থ বরাদ্দ পাওয়া যায়। উক্ত ১১টি বীর নিবাস নির্মাণের জন্য যথারীতি টেন্ডার আহ্বান পূর্বক লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে ঠিকাদার কর্তৃক বীর নিবাস নির্মাণ কাজ চলমান রয়েছে। সকলকে উক্ত কাজ পরিদর্শন করার অনুরোধ জানান। তিনি জানান নদীভাঙ্গনের জন্য অত্র উপজেলায় ১৫০৩টি পরিবারের প্রাথমিক বরাদ্দ পাওয়া যায়। বিভিন্ন দপ্তরের অফিসার দ্বারা যাচাই বাছাই কার্যক্রম অব্যাহত আছে। অদ্যাবধি কোন সংশোধিত ফান্ড পাওয়া যায়নি। তিনি সভায় আরও জানান, ২০২১-২২ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১ম পর্যায়ের কাজ শুরু করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ইউনিয়নভিত্তিক উপকারভোগীর সংখ্যা ও হার নির্ধারণ করেছেন। উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত সকল শর্তাবলী অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি সভায় ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে কোন ইউনিয়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১ম পর্যায়ের কাজ শেষ হয়ে থাকলে দ্রুত পে মাস্টাররোল দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান এবং পে মাস্টাররোলে কোন অনুপস্থিত শ্রমিকের নাম জেনো না আসে সেদিকে দৃষ্টি রাখার অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় জানান তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(জ) | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, (১) বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ডিজিটাল পদ্ধতিতে মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা প্রদান অব্যাহত আছে। তিনি সভায় ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে স্ব স্ব ইউনিয়নের যে সকল প্রতিবন্ধী এখনও জরিপের বাহিরে আছে। তাদেরকে দ্রুত জরিপের আওতায় আনার অনুরোধ জানান। (২) দগ্ধজনিত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচিতে ক্ষুদ্রঋণ সহায়তায় ১৬,৬২,৫৩৭/- টাকা ঋণ বিতরণ করা আছে। আদায় হলে পুনরায় ঋণ বিতরণ করা হয়। (৩) চরাঞ্চলের দুঃস্থ গরীব রোগী হাসপাতালে ভর্তি করলে রোগীকল্যাণ সমিতির মাধ্যমে চিকিৎসা সেবা দেয়া হচ্ছে। এ কর্মসূচির আওতায় রোগীকল্যাণ সমিতিতে দাতা ও আজীবন সদস্য হওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। (৪) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস ও জন্মগত হৃদরোগ ও স্ট্রোকে প্যারালাইজড রোগীর জন্য ৫০,০০০/- টাকার আর্থিক অনুদান পাওয়ার জন্য সংশ্লিষ্ট পরিবার/ রোগীকে আবেদন কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে এ ধরনের রোগী থাকলে তাদেরকে আবেদন করার অনুরোধ জানান। এছাড়া তিনি জানান, তার দপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর |
| ৩(ঝ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি জানান তার দপ্তরে প্রতি তিন মাস অন্তর ০২টি ট্রেডে মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়। এসব প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন করতে হয়। অনলাইনে আবেদন ছাড়া কোন প্রার্থী প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঞ) | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের মার্চ/২২ মাস পর্যন্ত সময়ের কার্যক্রম তুলে ধরেন। যা নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রমিক নং | বিবরণ | বার্ষিক লক্ষ্যমাত্রা ২০২১-২২ | বিগত মাসে অর্জন | মার্চ/২২ মাসে অর্জন | মোট অর্জন | লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | নিরীক্ষা | ১১১ | ৮৪ | ০৩ | ৮৭ | ৭৮% | |
| ২। | নির্বাচন/এডহক | ১৭ | ১২ | - | ১২ | ৭১% | |
| ৩। | পরিদর্শন | ৩৬ | ২৪ | ০৩ | ২৭ | ৭৫% | |
| ৪। | ভ্রাম্যমান প্রশিক্ষণ | ০৪ | ০৩ | ০১ | ০৪ | ১০০% | |
| ৫। | সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ | ১০০% | - | - | - | ১০০% | |
| ৬। | ননটেক্স রেভিনিউ :<br>ক) অডিট ফি<br>খ) ভ্যাট<br>গ) সিডিএফ<br>ঘ) নিবন্ধন ফি | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>- | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>- | <br>-<br>-<br>-<br>- | <br>২৮৬২০/-<br>৪২৯৮/-<br>১১১৫১/-<br>৩০০/- | <br>১০০%<br>১০০%<br>১০০%<br>১০০% | |
| ৭। | সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)- ৩য় পর্যায়, সমবায় অংশ ঃ প্রকল্প সমিতি নিবন্ধন | ২০ | ০২ | - | ০২ | ১০% | |
| ৮। | গ্রামকর্মী নিয়োগ | ২০ | ০২ | - | ০২ | ১০% | |
| ৯। | ২০২১-২২ অর্থবছরে ৩১৫ জন সমবায়ী/ গ্রামকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় এর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | | | | | | |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ট) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের ফেব্রুয়ারি/২২ মাসের কার্যক্রমের বিভিন্ন তথ্য উপস্থাপন করেন। যা নিম্নরূপঃ | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রঃ নং | বিবরণ | আত্মকর্মসূচি | পরিবারভিত্তিক কর্মসূচি |
|---|---|---|---|
| ০১ | মোট বরাদ্দ | ২৫,৩৮,৮০০/- | ২০,০০,০০০/- |
| ০২ | মোট ঋণ তহবিল | ৫৮,৮০,৩৬৮/- | ২৩,৯৫,৭৪৫/- |
| ০৩ | ২০২১-২০২২ অর্থবছরের বিতরণ লক্ষ্যমাত্রা | ৪৪,৫০,০০০/- | ৪,৮০,০০০/- মোট ৪৯,৩০,০০০/- |
| ০৪ | ২০২১-২০২২ অর্থবছরের বিতরণ | ১৯,২০,০০০/- | ০ (চলমান মাস পর্যন্ত) |
| ০৫ | মোট বিতরণ | ৩,১৪,৭১,৩০০/- | ৬০,৩১,০০০/- |
| ০৬ | চলমান মাসে আদায়যোগ্য | ২,৫৮,৪০০/- | ২৫,৪৪০/- |
| ০৭ | চলমান মাসে আদায়কৃত | ২,৪৭,১০০/- | ২৫,৪৪০/- |
| ০৮ | ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | ২,৬৯,১৯,৬১৫/- | ৫৬,৯৬,৬৪০/- |
| ০৯ | ক্রমপুঞ্জিত আদায়কৃত | ২,৬৪,৮৭,৩৭১/- | ৫৫,৪৬,৪৮০/- |
| ১০ | আদায়ের হার | ৯৮.৩৮% | ৯৭.৩৬% |
| ১১ | চলমান মাসে প্রশিক্ষণ | ৬০ জন | ০ |
| ১২ | মোট প্রশিক্ষণ | ৮০০২ জন | ৪২২ |
| ১৩ | মোট আত্মকর্মী | ৫৩৩০ জন | ৪২২ |
| ১৪ | মোট উপকারভোগীর সংখ্যা (প্রা- ৭৬ + অপ্রা- ৮৪৭) | ৯৩৬ জন | অপ্রা- ৩১০ জন |
| ১৫ | মোট ঋণ খেলাপী | ৩,৮৮,৪৬৪/- | ১,৫১,১৬০/- |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ঠ) | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ড) | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর সভায় জানান, অত্র উপজেলায় ২য় ও ৩য় পর্যায়ে মোট ৩১২টি নলকূপের বরাদ্দ আছে। উপজেলা ওয়াটসান কমিটির মাধ্যমে বিভাজন করে তালিকা পাওয়া গেলে কাজ শুরু করা যাবে। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর |
| ৩(ঢ) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের ২০২১-২২ অর্থবছরের জুলাই/২১ হতে মার্চ/২২ পর্যন্ত মাসের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির চিত্র তুলে ধরেন। যা নিম্নরূপ ঃ- | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রঃ নং | প্রকল্প/কর্মসূচির নাম | বিতরণ (লক্ষ টাকায়) | আদায় (লক্ষ টাকায়) | খেলাপী আদায় (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|
| ১। | পদাবিক | ১৭৫.৯৩ | ১৫০.৯৮ | ২.৯২ |
| ২। | আবর্তক | ২১.৫১ | ২৩.৫৬ | ১০.৩০ |
| ৩। | সদাবিক | ৪৬.১৭ | ৪৭.৩০ | ৩.৪৯ |
| ৪। | বীর মুক্তিযোদ্ধা | ৩.৩০ | ২.৮৫ | ২.৮৫ |
| ৫। | পল্লী প্রগতি প্রকল্প | ২৩.৮৫ | ১৮.৪৯ | ১.২৬ |
| ৬। | অপ্রধান শস্য | ১৯.৯৫ | ১০.৭৪ | ০ |
| ৭। | এসএমই | ৫.০০ | ০.৬০ | ০ |
| | মোট = | ২৯৫.৭১ | ২৫৪.৫২ | ২০.৮২ |

চলমান পাতা-৬

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(ণ)</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর সভায় অনুপস্থিত।</td><td>তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ত)</td><td>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর সভায় অনুপস্থিত।</td><td>তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(থ)</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তর ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত গ্রামীণ নারী-পুরুষদেরকে সংগঠিত করে নিয়মিত সঞ্চয় সংগ্রহের মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন, ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন, প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং নারীর ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধির জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের ফেব্রুয়ারি/২০২২ মাস পর্যন্ত কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। যা নিম্নরূপ :
<table>
<tr><th>ক্র: নং</th><th>লক্ষ্যিত বিষয়</th><th>২০২১-২২ অর্থবছরের অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির সংখ্যা</td><td>৯১ টি</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৩,৭৫৫ জন</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>মোট ঋণ বিতরণের পরিমাণ</td><td>৩৪৯.৩৭</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট ঋণ বিতরণের সংখ্যা</td><td>৬৩০ জন</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>মোট ঋণ আদায়ের পরিমাণ</td><td>৩৬৫.৩৮</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>গড় ঋণ আদায়ের হার</td><td>৯০%</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট পুঁজি (সঞ্চয়) গঠনের পরিমাণ (ক্রমপুঞ্জিত)</td><td>৫০৮.৬৯</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট মাঠে পাওনা ঋণের পরিমাণ</td><td>৪২৫.৪৪</td><td></td></tr>
<tr><td>১১</td><td>সঞ্চয় ও মাঠে পাওনা ঋণের অনুপাত</td><td>১১৯ : ১০০</td><td></td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(দ)</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, সেচ মৌসুমে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে তার বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরও জানান, গ্রাহকরা যাতে মিটার রিডিং নিয়ে কোন অভিযোগ করতে না পারে সেজন্য নতুন গ্রাহকদের প্রিপেইড মিটার লাগিয়ে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হচ্ছে। এতে করে গ্রাহকরা উপকৃত হবে। এছাড়া তিনি জানান বিদ্যুৎ বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় তার প্রতিনিধির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর দৃষ্টি আকর্ষণ করে বলেন প্রতি মাসে একবার উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র উপজেলার বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত থেকে স্ব স্ব বিভাগের বিভাগীয় কার্যক্রম তুলে ধরেন। কিন্তু নির্বাহী প্রকৌশলী মহোদয় সব সময় প্রতিনিধি প্রেরণ করায় সভাপতি, ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউপি চেয়ারম্যানবৃন্দ অসন্তোষ প্রকাশ করেন এবং তাঁকে আগামী উপজেলা সমন্বয় কমিটির সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান।</td><td>আলোচনান্তে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর মহোদয়কে উপজেলা পরিষদে প্রতি মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর</td></tr>
</table>

চলমান পাতা-৭

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ধ) | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ ও সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। তথ্য আপা প্রকল্পে নিয়োজিত কর্মীরা তথ্য কেন্দ্র ও ডোর টু ডোর গ্রামীণ মহিলাদের তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করে যাচ্ছে। তথ্য কেন্দ্রের পাশাপাশি বাড়ী বাড়ী গিয়ে মহিলাদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন- রক্তচাপ, ডায়াবেটিকস ও ওজন পরিমাপ করে দেওয়া হচ্ছে। এ প্রকল্পের আরও একটি উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ মহিলাদের ই-কমার্স সহায়তা প্রদান। সেই লক্ষ্যে তথ্য আপা প্রকল্পের পক্ষ থেকে লাল.সবুজ.কম নামে একটি অনলাইন প্লাটফর্ম তৈরি করা হয়েছে। ভূঞাপুর উপজেলাধীন নারী উদ্যোক্তা যারা অনলাইনে তাদের পণ্য বিক্রয় করতে আগ্রহী তাদেরকে তথ্য আপার সাথে যোগাযোগ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া তিনি জানান বিভিন্ন ইউনিয়নে মাসে ০৪টি সামাজিক সচেতনতামূলক উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। তিনি উক্ত উঠান বৈঠক কার্যক্রমে ইউপি চেয়ারম্যানদের উপস্থিতি ও সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি জানান তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর |
| ০৪। | ৪নং আলোচ্যসূচি ঃ বিবিধ | | |
| ৪(১) | চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর সভায় জানান, বর্তমান সরকার নারীদের উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণসহ নানা কর্মসূচি গ্রহণ করছে। এতে করে প্রান্তিক এলাকার মহিলারাও প্রশিক্ষণ গ্রহণ করে উপকৃত হচ্ছে। তিনি জানান তার ইউনিয়নের অনেক দরিদ্র নারী সেলাই প্রশিক্ষণ গ্রহণ করেও সেলাই মেশিন ক্রয় করতে না পারায় তারা আত্মনির্ভরশীল হতে পারছে না। তাই তিনি তার ইউনিয়নের হতদরিদ্র মহিলাদের সেলাই মেশিন সরবরাহের জন্য উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। তিনি সভায় আরও জানান, বাসুদেবকোল ফকির মাঈন উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ফ্লোর কাঁচা থাকায় ধুলাবালির কারণে ছাত্র-ছাত্রীরা ক্লাস করতে পারছে না। তাই তিনি উক্ত বিদ্যালয়ের ফ্লোর জরুরীভিত্তিতে পাকা করার প্রস্তাব করেন। এছাড়া তিনি সভায় তার ইউনিয়ন পরিষদ ভবনটি জরুরীভিত্তিতে সংস্কার করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অর্জুনা ইউনিয়নের হতদরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(২) | চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর সভায় জানান, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। তারই ধারাবাহিকতায় গত ২১ মার্চ ২০২২ তারিখ পটুয়াখালীতে নির্মিত ১৩২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বাংলাদেশের সর্ববৃহৎ ও সর্বাধুনিক প্রযুক্তির পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী। এজন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভায় বিদ্যুৎ বিভাগের নির্বাহী প্রকৌশলী মহোদয় উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করেন এবং তাকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থাকার জন্য তার প্রতিনিধির মাধ্যমে অনুরোধ জানান। তিনি সভায় পল্লী বিদ্যুতের প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ জানানোর অনুরোধ জানান যাতে তার ইউনিয়নের সমস্যাগুলো তুলে ধরতে পারেন। তিনি সভায় আরও জানান যে, ধুবলিয়া রহমালী মাতব্বরের বাড়ী হতে নিহার পুলিশের বাড়ী পর্যন্ত রাস্তাটি অত্যন্ত জনগুরুত্বপূর্ণ। দীর্ঘদিন যাবৎ রাস্তাটি সংস্কার না হওয়ায় বর্তমানে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। তাই তিনি রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামত করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে ধুবলিয়া রহমালী মাতব্বরের বাড়ী হতে নিহার পুলিশের বাড়ী পর্যন্ত রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামত করার জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |

চলমান পাতা-৮

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৩) | চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে গৃহীত অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ শেষ হয়েছে। তিনি উক্ত কাজে নিয়োজিত শ্রমিকদের মজুরী দ্রুত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান তার ইউনিয়নের রাস্তাগুলোতে ১০ চাকার গাড়ী চলার কারণে অধিকাংশ রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি সভায় তার ইউনিয়নের প্রশিক্ষণপ্রাপ্ত দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ এবং দরিদ্র মানুষের মাঝে নলকূপ সরবরাহ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গোবিন্দাসী ইউনিয়নের দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(৪) | চেয়ারম্যান, নিকরাইল ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নের অনেক রাস্তাঘাট চলাচলের অনুপযোগী। সেগুলো দ্রুত সংস্কার করা প্রয়োজন। তিনি সভায় তার ইউনিয়নের বেকার মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পরিষদ থেকে সেলাই মেশিন সরবরাহ করার প্রস্তাব করেন। তিনি সভায় আরও জানান, তার ইউনিয়নের মাটিকাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ সরবরাহ এবং পলশিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চেয়ার ও টেবিল সরবরাহ প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। এছাড়া তিনি সভায় জানান সামান্য বৃষ্টি হলেই নিকরাইল হাটে জলাবদ্ধতা দেখা দেয়। এতে করে হাটে আগত লোকদের বাজারঘাট করতে অসুবিধা হয়। তাই তিনি নিকরাইল হাটের জলাবদ্ধতা নিরসনের জন্য হাটের বিভিন্ন স্থানে ড্রেন নির্মাণের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিকরাইল ইউনিয়নের মাটিকাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ সরবরাহ এবং পলশিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চেয়ার-টেবিল সরবরাহ প্রকল্পটি জরুরীভিত্তিতে বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(৫) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, ২০২০-২১ অর্থবছরের আওতায় গৃহীত প্রশিক্ষণ প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ পাওয়া গেছে এবং ইতিমধ্যে কয়েকটি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। বাকী প্রশিক্ষণগুলো দ্রুত শুরু করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয় ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে অনুরোধ জানান। পাশাপাশি উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহ যাতে যথাযথভাবে বাস্তবায়িত হয় সেজন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | – | – |
| ৪(৬) | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর সভায় বিভাগীয় কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে দপ্তরের কার্যক্রম বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সকলের সাথে মিলে মিশে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া তিনি সভায় সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে ভূঞাপুর উপজেলার দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণের জন্য উপজেলা পরিষদ থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ দেয়ার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ভূঞাপুর উপজেলার দরিদ্র মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |

চলমান পাতা-৯

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৭) | অফিসার ইনচার্জ, ভূঞাপুর থানা সভায় জানান, ভূঞাপুরের সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি সভায় মাদক ব্যবসায়ী ও মাদকসেবনকারীদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেন এবং মাদকের কবল থেকে ছেলেমেয়েদের রক্ষার্থে অভিভাবকদের সচেতন করাসহ বিভিন্ন সভাসমাবেশে মাদকের কুফল সম্পর্কে আলোচনা করার জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি ভূঞাপুরে চোরের শাস্তি নিশ্চিত করাসহ চোরের উপদ্রব বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন এবং ভূঞাপুরের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | – | – |
| ৪(৮) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় জানান, বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণ উপলক্ষ্যে উত্তরণ মেলার আয়োজন করা হবে। উক্ত মেলায় সকলের উপস্থিতি কামনা করেন। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে উপজেলা কোয়াটার ও ডরমেটরিতে বসবাসকারীদের বকেয়া বাসাভাড়া ও বিদ্যুৎ বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং এ ব্যাপারে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে অনুরোধ জানান। তিনি সভায় ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে টিআর কাবিখার কাজ দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানান। তিনি সভায় আরও জানান, সরকার টিসিবির মাধ্যমে নিম্ন আয়ের মানুষের মাঝে স্বল্পমূল্যে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ করবে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য তিনি ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় আরও জানান, গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ নির্বাচনে সৃষ্ট সহিংসায় চর চন্দনী দাখিল মাদরাসাটি ক্ষতিগ্রস্ত হয়। উক্ত মাদরাসাটি জরুরীভিত্তিতে সংস্কারের জন্য তিনি উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় ভূঞাপুর উপজেলার দরিদ্র মহিলাদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণের জন্য উপজেলা পরিষদ থেকে অর্থ প্রদানের প্রদানের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে (১) চর চন্দনী দাখিল মাদরাসাটি জরুরীভিত্তিতে সংস্কারের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং (২) ভূঞাপুর উপজেলার দরিদ্র মহিলাদের মাঝে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(৯) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় আরও জানান, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য ২০২১-২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করার নিমিত্ত স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৮ মার্চ ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮১৯৩.২২-১৪৬ নং স্মারকে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনায় ক্রেস্ট প্রদান বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং মুক্তিযোদ্ধাদের আপ্যায়ন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে মুক্তিযোদ্ধাদের সংবর্ধনায় ক্রেস্ট প্রদান বাবদ ব্যয়িত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল এবং মুক্তিযোদ্ধাদের আপ্যায়ন বাবদ ব্যয়িত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-১০

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(১০) | সভাপতি সভায় দীর্ঘক্ষণ উপস্থিত থেকে প্রাণবন্ত আলোচনা করায় সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সভায় বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আতওায় গৃহীত প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। পাশাপাশি সরকারি বিভিন্ন দপ্তরে প্রশিক্ষণ ও ভাতাসহ সরকারের সকল উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়িত হয় সে বিষয়ে উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের অবগত করার এবং সকল কার্যক্রমে উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সম্পৃক্ত করার জন্য তিনি সকল বিভাগীয় কর্মকর্তাদের অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় ভূঞাপুর উপজেলার দরিদ্র মানুষের মাঝে নলকূপ সরবরাহ এবং ভূঞাপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থায়নে (১) ভূঞাপুর উপজেলার দরিদ্র মানুষের মাঝে নলকূপ সরবরাহ প্রকল্প বাস্তবায়নের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং (২) ভূঞাপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ প্রকল্প বাস্তবায়নের ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর<br>৩। উপজেলা প্রকৌশলী, ভূঞাপুর |
| ৪(১১) | সভাপতি সভায় আরও জানান, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিসের জন্য নভেম্বর/২০২১ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত সরবরাহকৃত বিভিন্ন স্টেশনারি দ্রব্যাদি ক্রয় বাবদ ২৪,৭৫৫/- (চব্বিশ হাজার সাতশত পঞ্চান্ন) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকার বিল তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিসের জন্য নভেম্বর/২০২১ হতে মার্চ/২০২২ মাস পর্যন্ত সরবরাহকৃত স্টেশনারি দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত ২৪,৭৫৫/- (চব্বিশ হাজার সাতশত পঞ্চান্ন) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |

অতঃপর সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

23-03-22

(মোছাঃ নার্গিস বেগম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভূঞাপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৫৫১.২০১৩-২৫৩(৪০)

তারিখ ঃ ২৩/০৩/২০২২ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-**

১. মাননীয় সংসদ সদস্য-১৩১, টাঙ্গাইল-২।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৫. মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৭. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৮. চেয়ারম্যান, ------------------------ ইউপি (সকল), ভূঞাপুর, টাঙ্গাইল।
৯. জনাব ------------------------------------------, ভূঞাপুর, টাঙ্গাইল।
১০. অফিস নথি।

২৩/০৩/22

(মোছাঃ ইশরাত জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

পরিশিষ্ট-"ক"

২২-০৩-২০২২ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ভূঞাপুর উপজেলা পরিষদের মাসিক সভায়
উপস্থিত ও অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাদের তালিকা ঃ

উপস্থিত সদস্য/ কর্মকর্তাবৃন্দ/ আমন্ত্রিত সদস্য/ অতিথি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১। | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ দিদারুল আলম খান (মাহবুব), চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর। |
| ৩। | জনাব মোঃ সাইদুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর। |
| ৪। | জনাব মোঃ দুলাল হোসেন চকদার, চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ মাসুদুল হক মাসুদ, চেয়ারম্যান, নিকরাইল ইউপি, ভূঞাপুর। |
| | কর্মকর্তাবৃন্দ |
| ১। | জনাব মোছাঃ ইশরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর। |
| ২। | ডাঃ মোহাম্মদ আব্দুস সোবহান, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৩। | জনাব মোঃ হুমায়ুন কবীর, উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর। |
| ৪। | জনাব এটিএম সামসুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৫। | অফিসার ইনচার্জ, ভূঞাপুর থানা, টাঙ্গাইল। |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর (আমন্ত্রিত) এর প্রতিনিধি। |
| ৭। | জনাব মোঃ শফিকুল ইসলাম মন্ডল, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর। |
| ৮। | জনাব এমজি মাহমুদ ইজদানী, উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোঃ শাহীনুর ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১০। | জনাব মোহাম্মদ শহিদুজ্জামান মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ১১। | জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১২। | জনাব মোঃ সাইফুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ১৩। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৪। | জনাব কণিকা মল্লীক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৫। | জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৬। | জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর। |
| ১৭। | জনাব মোঃ মোফাজ্জল হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৮। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |
| ১৯। | জনাব জলি রানী দাস, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |

অনুপস্থিত সদস্য

| | |
|---|---|
| ১। | জনাব মোঃ মাসুদুল হক মাসুদ, মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর। |
| ২। | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৩। | ডাঃ স্বপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৪। | জনাব রুপ জিন্নাত রিয়া, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃ দাঃ), ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর। |
| ৬। | জনাব রাজিয়া সুলতানা, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর। |
| ৭। | জনাব মোঃ মনিরুজ্জমান, চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোঃ রহিজ উদ্দিন আকন্দ, চেয়ারম্যান, অলোয়া ইউপি, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোছাঃ মঞ্জুয়ারা বেগম, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ১০। | জনাব মোছাঃ রেখা চৌধুরী, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ১১। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ভূঞাপুর। |